আজকের কাগজ

12

তারিখ 12 AUG 1993
পৃষ্ঠা ৩ কলাম ৪

### সম্ভাব্য ছাত্র সংঘর্ষের আশংকায়

# মহেশখালী ও বোয়ালমারি কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

দু'টি কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। কলেজ দু'টি হলো কক্সবাজার জেলার মহেশখালী কলেজ ও ফরিদপুরের বোয়ালমারী সরকারি কলেজ।

ইউএনবি পুলিশ সূত্রের বরাত দিয়ে জানায়, ছাত্রদল ও ছাত্রলীগের (ম-ই) মধ্যে ব্যাপক সংঘর্ষের আশংকায় পূর্বসর্তকতা হিসেবে কর্তৃপক্ষ বোয়ালমারী কলেজ বন্ধ ঘোষণা করেছে। গত রোববার সেখানে এ দু'টি সংগঠনের মধ্যে সংঘটিত সংঘর্ষে ২০ জন আহত হয়। ২ দিন বন্ধের পর গতকাল কলেজ খোলার কথা ছিলো। কলেজে পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে একদল ছাত্র গতকাল শিক্ষকদের ওপর হামলা এবং সম্পত্তির ক্ষতি সাধন করলে কর্তৃপক্ষ মহেশখালী কলেজ বন্ধ ঘোষণা করে বলে ইউএনবি পরিবেশিত খবরে বলা হয়েছে। আওয়ামী লীগ দলীয় সাংসদ মোহাম্মদ ইসহাক ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেন। অধ্যক্ষ ১৫ জনকে আসামী করে মামলা করেছেন। ৫ জন গ্রেফতার হয়েছে।